

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৪ মে, ২০১৬ তারিখ, মঙ্গলবার, বিকাল ৩.৩০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন National Agricultural Technology Program Phase-II শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে একটি ঋণ (IDA) এবং একটি অনুদান (USAID) চুক্তি শেরে বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। উল্লেখ্য, আলোচ্য প্রকল্পের জন্য বরাদ্দকৃত USAID অনুদান (Trust Fund) সহায়তার বিষয়টিতে বিশ্বব্যাংক administrator হিসাবে কাজ করছে।


আলোচ্য প্রকল্পের উদ্দেশ্য হলো কৃষি প্রযুক্তি উদ্ভাবন, সম্প্রসারণ এবং পণ্য সরবরাহ ও বাজার ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের ক্ষুদ্র, প্রান্তিক ও মহিলা কৃষকের কৃষি উৎপাদন ও উৎপাদনশীলতা এবং আয় বৃদ্ধি সর্বোপরি কৃষকের সামগ্রিক আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন।

National Agricultural Technology Program Phase-II শীর্ষক প্রকল্পটি কৃষি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে আলোচ্য প্রকল্পের অনুকূলে বিশ্বব্যাংকের IDA ১২৫.২ মিলিয়ন SDR (সমমূল্য ১৭৬.০৬ মিলিয়ন ইউ. এস. ডলার) ঋণ, USAID ৭.৪৩ মিলিয়ন ইউ.এস. ডলার অনুদান এবং IFAD ২৩.৮৬ মিলিয়ন ইউ এস ডলার ঋণ প্রদান করবে।

আলোচ্য প্রকল্পের জন্য প্রাপ্ত আইডিএ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের Gracé Period সহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের উত্তোলিত অর্থের উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে এবং Unwithdrawn Financing Balance এর উপর বার্ষিক Maximum Commitment Charge Rate হবে শতকরা ১% এর ১/২ (1/2 of 1%)।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের কান্ট্রি ডাইরেক্টর Mr. Qimiao Fan উক্ত চুক্তিতে স্বাক্ষর করেন। কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর -এর প্রতিনিধিসহ বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংক এবং USAID এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রকল্পটি কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক ১ অক্টোবর, ২০১৫ - ৩০ সেপ্টেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হবে।


ফারুক হোসেন
সহকারী প্রধান
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার